

## অষ্টম শ্রেণির রেজিস্ট্রেশন শুরু ১৫ মার্চ ফি ৬০ টাকা

নিজস্ব প্রতিবেদক

১০ মার্চ ২০২১ ০০:০০ | আপডেট: ৯ মার্চ ২০২১ ২৩:১৬



অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম শুরু হচ্ছে ১৫ মার্চ থেকে। অনলাইনে ১৫ এপ্রিল পর্যন্ত ফরম পূরণ ও ফি জমা দেওয়া যাবে। ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের এক বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে। বোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ ও প্রধানদের কাছে এ-সংক্রান্ত চিঠি পাঠানো হয়েছে বলেও এতে জানানো হয়।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, ২০২১ সালের অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি জরিমানা ছাড়া ৬০ টাকা। এর মধ্যে রেজিস্ট্রেশন ফি ৫০ টাকা ও রেড ক্রিসেন্ট ফি ১০ টাকা নির্ধারণ করা হয়েছে। এ ছাড়া বছরের ১ জানুয়ারি জেএসসি পরীক্ষার্থীর ন্যূনতম বয়স ১১ বছরের বেশি হতে হবে। আর ৩১ ডিসেম্বরে সর্বোচ্চ ১৭ বছর হতে পারবে। ঢাকা বোর্ড থেকে পাঠদানের অনুমতি ও স্বীকৃতি পাওয়া শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা নিজ প্রতিষ্ঠানের নামে রেজিস্ট্রেশনের সুযোগ পাবে। নির্ধারিত সময়ের মধ্যে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করতে ব্যর্থ হলে দায় প্রতিষ্ঠান-প্রধানদের বহন করতে হবে।

রেজিস্ট্রেশনের প্রক্রিয়ার বিষয়ে বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ঢাকা বোর্ডের ওয়েবসাইটে গুগল/বক্স বাটনে ক্লিক করে ইআইআইএন ও পাসওয়ার্ড দিয়ে লগইন করে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের তথ্য দিতে হবে। ড্যাশবোর্ড থেকে বক্স ও ঔবক্স ক্লিক করে চধুধনষব ভববং ডভ ঔবক্স ২০২১-এ অঢঢষরপধহঃ হধসব, সড়নরষব হড়. এবং ঘঁসনবৎ ডভ ঔবক্সঃ দিয়ে চৎরহঃ ঔড়হধষর ঔবনধ-এ ক্লিক করে সোনালি সেবার স্লিপটি প্রিন্ট করতে হবে। ব্যাংকে ২৪ ঘণ্টার মধ্যে পেমেন্ট ক্লিয়ার করলে নির্ধারণ করা শিক্ষার্থীদের বক্স পূরণ করা যাবে। পেমেন্ট ক্লিয়ারের পুনরায় সোনালি সেবার স্লিপ বের করতে পারবেন প্রতিষ্ঠানের প্রধানরা।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

নতুন দায়ের দৈনিক  
**আমাদের সময়**

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

Privacy Policy